

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:18-02-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM Modi –Macron :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফ্রান্সের সঙ্গে একটি 'বিশেষ আন্তর্জাতিক কৌশলগত অংশীদারিত্ব' প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছেন। মুম্বাইয়ের লোকভবনে ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সাথে এক যৌথ বিবৃতিতে গতকাল তিনি জোর দিয়ে বলেছেন, এই অংশীদারিত্ব কেবল কৌশলগত নয় বরং আজকের অস্থিতিশীল আন্তর্জাতিক পরিস্থিতির মধ্যে বিশ্বব্যাপী স্থিতিশীলতা এবং সমৃদ্ধির জন্যও জরুরি। শ্রী মোদী বলেছেন, ভারতের প্রাচীনতম কৌশলগত অংশীদারদের মধ্যে ফ্রান্স অন্যতম। উভয় নেতা কর্ণাটকের ভেমাগালে H-125 হেলিকপ্টারের চূড়ান্ত সমাবেশ লাইনটি ভারুয়ালি উদ্বোধন করেছেন, যা টাটা অ্যাডভান্সড সিস্টেমস এয়ারবাসের সঙ্গে অংশীদারিত্বে তৈরী হয়েছে।

CM–Public Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের সব জনগোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতির বিকাশে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করছে। বিজেপি'র উদ্যোগে গতকাল উনকোটি জেলার ফটিকরায়ের ডেমডুম এডিসি ভিলেজে আয়োজিত এক জনসভায় তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমান সরকার স্বচ্ছতার সঙ্গে জনকল্যাণে কাজ করছে। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী "নতুন ভারত" গড়তে কাজ করছেন, তেমনি রাজ্য সরকারের লক্ষ্য "নতুন ত্রিপুরা" গড়ে তোলা। মুখ্যমন্ত্রী আরো বলেন, এডিসি এলাকার

জনজাতিদের সঙ্গে করে বিকশিত ত্রিপুরা নির্মাণের অঙ্গীকার নিয়ে রাজ্য সরকার কাজ করছে।

PM-Global Economic Co-operation Council :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ভারত দক্ষিণ বিশ্বের এক বলিষ্ঠ আশ্বাস কণ্ঠস্বরে পরিণত হয়েছে, বিশ্বব্যাপী আলোচনা, আরও ভারসাম্যপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক বিশ্ব ব্যবস্থা গাঢ়নে অবদান রাখছে। শ্রী মোদী মুম্বাইতে বিদেশ মন্ত্রক এবং মহারাষ্ট্র সরকারের সহযোগিতায় ফিউচার ইকোনমিক কোঅপারেশন কাউন্সিলের অংশীদারিত্বে আয়োজিত "গ্লোবাল ইকোনমিক কোঅপারেশন ২০২৬"-এ তাঁর লিখিত ভাষণে এই কথা বলেন। শ্রী মোদী বলেন, অনিশ্চিত সময়ে বিশ্ব যখন স্থির নেতৃত্বের সন্ধান করছে, তখন ভারত আশার আলো হিসেবে দাঁড়িয়ে আছে।

Bal Vivah Mukta Bharat :

বাল্যবিবাহ প্রতিরোধে রাজ্যব্যাপী সচেতনতা অভিযান জোরদার করতে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলায় বিশেষ প্রচারমূলক গাড়ির আনুষ্ঠানিক সূচনা করা হয়েছে। গতকাল মেলারমাঝে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের কার্যালয় প্রাঙ্গণে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা পতাকা নেড়ে তিনটি প্রচার গাড়ির যাত্রার সূচনা করেন। তিনি বলেন, এই কর্মসূচির আওতায় পশ্চিম ত্রিপুরা জেলার তিনটি মহকুমার মোট নয়টি ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায়, বাজার, হাট ও বিভিন্ন জনসমাগমস্থলে গিয়ে বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক প্রচার চালানো হবে।

AI in Governance– Revolutionising Efficiency:

ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট টুয়েন্টি টুয়েন্টিসিক্স-এর দ্বিতীয় দিনে 'প্রশাসনে কৃত্রিম বুদ্ধিমত্তা: সরকারী দক্ষতায় বিপ্লব' শীর্ষক একটি গুরুত্বপূর্ণ অধিবেশন অনুষ্ঠিত হয়, যেখানে বিশ্বব্যাপী গবেষক এবং বরিষ্ঠ নীতিনির্ধারকরা আলোচনা করেন, কীভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যাপকভাবে জনসেবা সরবরাহ উন্নত করতে পারে। আলোচনায় পাইলট প্রকল্পের বাইরে পরিমাপযোগ্য প্রভাবের দিকে অগ্রসর হওয়ার উপর জোর দেওয়া হয়, কর্মীর মূল্যায়ন, দায়িত্বশীল নিয়োজন এবং ব্যবস্থাপনা-স্বরের প্রস্তুতির উপর জোর দেওয়া হয়। এই আয়োজনে সামাজিক উদ্যোক্তা ডিন কার্লান টোগোতে জনসেবা লক্ষ্যমাত্রা উন্নত করার জন্য মেশিন লার্নিং ব্যবহারের উপর গবেষণা উপস্থাপন করেন।

Vaidik Sammelan :

আগরতলায় কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়-এর একলব্য ক্যাম্পাসে গতকাল থেকে তিনদিনের আঞ্চলিক বৈদিক সম্মেলন শুরু হয়েছে। মহর্ষি সন্দীপানী রাষ্ট্রীয় বেদবিদ্যা প্রতিষ্ঠান, কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের একলব্য পরিসর, আগরতলা এবং ভোলানন্দ বেদবিদ্যালয়, আগরতলার যৌথ উদ্যোগে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের সূচনা করেন একলব্য পরিসরের বেদ কর্মকাণ্ড পুরোহিত বিদ্যাশাখার সমন্বয়কারী ড. প্রকাশ রঞ্জন মিশ্র।

UMC UDAIPUR :

জনগণের মৌলিক চাহিদা, অধিকার, স্বাধীনতা ও সুস্থ পরিবেশ বজায় রাখার জন্য জনপ্রতিনিধিদের যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দেশের প্রধান

মন্ত্রী নরেন্দ্র মোদীর জনকল্যাণমুখি প্রকল্প বাস্তবায়নে উন্নয়নের এই ধারা অব্যাহত থাকবে। উদয়পুর পুর পরিষদের দ্বিতীয়বারের মতো নির্বাচিত জনপ্রতিনিধি গনের কার্যকালের চতুর্থ বর্ষপূর্তি উপলক্ষ্যে উদয়পুর রাজর্ষি কলক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে গতকাল একথা বলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। প্রত্যেক জন প্রতিনিধি ও জনগণ যৌথভাবে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন অর্থমন্ত্রী।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২০ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

Weather :

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। ভোরের দিকে কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ ডিগ্রি সেলসিয়াস।
